অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্থানীয় বোমা স্কোয়াড-এর জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন

তহবিল এফবিআই (FBI)-স্বীকৃত স্কোয়াডগুলোকে অত্যাবশ্যকীয়, আধুনিক প্রশিক্ষণ এবং সরঞ্জাম সরবরাহ করবে

ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস (Improvised Explosive Device, IED)-র দ্বারা সৃষ্ট জরুরী অবস্থান নির্ণয় এবং প্রতিরোধের জন্য স্থানীয় বম্ব স্কোয়াডের সামর্থ্য উন্নত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে, ID-র হুমকি মোকাবেলায় নিউ ইয়র্ক স্টেট ফেডারেল হোমল্যান্ড নিরাপত্তা অনুদান কর্মসূচি (Homeland Security Grant Program, HSGP)-র জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছে। এই অর্থায়ন স্টেটের 12টি স্থানীয় এফবিআই-স্বীকৃত বোম্ব স্কোয়াডকে ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস বা IED-র কারণে সৃষ্ট জরুরি অবস্থা নির্ণয় ও প্রতিরোধে প্রস্তুতি এ প্রশিক্ষণ নিতে সাহায্য করবে। একটানা 13 বছরেরও বেশি সময় ধরে নিউ ইয়র্ক বম্ব স্কোয়াডগুলোকে নিবেদিত হোমল্যান্ড নিরাপত্তা অর্থায়নে 21 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করা হয়েছে।

"সাহসী পুরুষ ও নারী দ্বারা গঠিত নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় বম্ব স্কোয়াডগুলো তাদের ব্যক্তিগত সুরক্ষার চিন্তা ছাড়াই যেকোনো জরুরি পরিস্থিতিতে সাড়া দিতে ক্লান্তিহীনভাবে অনুশীলন করে", **গভর্নর কুওমো বলেন।** "এই অনুদানগুলো আমাদের স্থানীয় বম্ব স্কোয়াডগুলোকে তাদের কমিউনিটি সেবা এবং সুরক্ষা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় তহবিল এবং সংস্থান রয়েছে তা নিশ্চিত করতে সহায়তা করবে।"

তহবিল উন্নত সরঞ্জাম এবং আধুনিক প্রশিক্ষণের পাশাপাশি স্থানীয় বম্ব স্কোয়াড দলগুলো কৌশল প্রয়োগকারী এবং বিস্ফোরক শনাক্তকারী কুকুরের মতো বিশেষ দল, এবং আঞ্চলিক অংশীদার সহ আইন প্রয়োগকারী সংস্থাগুলির সাথে সমন্বয় বৃদ্ধি এবং উন্নত করতে সহায়তা করতে ব্যবহৃত হবে। সক্ষমতা পর্যালোচনা, ভ্রান্তি চিহ্নিতকরণ এবং বম্ব স্কোয়াডের তহবিলের ব্যয়ের পরিকল্পনা তৈরি করতে, এফবিআই অঞ্চলের উপর ভিত্তি করে, সকল স্থানীয় বম্ব স্কোয়াডগুলোকে তাদের অঞ্চলের অন্যান্য স্কোয়াডের সাথে সহযোগিতা করতে হবে। তহবিলগুলো সর্বাধিক দক্ষ ও কার্যকর উপায়ে ব্যবহৃত হচ্ছে তা নিশ্চিত করার লক্ষ্যে, প্রতিটি অঞ্চলের স্কোয়াডগুলোকে অবশ্যই তাদের নিজ নিজ

ব্যয়ের পরিকল্পনা, যা তাদের এফবিআই স্পেশাল এজেন্ট বোমা প্রযুক্তিবিদের সাথে ঘনিষ্ঠভাবে সমন্বিত রয়েছে, সেটির বিষয়ে একমত হতে হবে।

তহবিল প্রাপ্ত বোমা স্কোয়াড নিচে:

অনুদান প্রাপক	**তহবিলের পরিমাণ**
নিউ ইয়র্ক সিটি	468,360 মার্কিন ডলার
ওয়েস্টচেস্টার কাউন্টি:	318,180 মার্কিন ডলার
সাফোক কাউন্টি	218,180 মার্কিন ডলার
নাসাউ কাউন্টি:	234,180 মার্কিন ডলার
রকল্যান্ড কাউন্টি	61,100 মার্কিন ডলার
ইরি কাউন্টি	95,000 মার্কিন ডলার
শটোকোয়া কাউন্টি	100,000 মার্কিন ডলার
রচেস্টার সিটি	100,000 মার্কিন ডলার
মনরো কাউন্টি	105,000 মার্কিন ডলার
সাইরেইউজ শহর	100,000 মার্কিন ডলার
ওয়ানন্ডগা কাউন্টি	100,000 মার্কিন ডলার
অ্যান্ডিকট গ্রাম	100,000 মার্কিন ডলার
মোট	**2 মার্কিন ডলার**

হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবার (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার প্যাট্রিক মার্ফি বলেন, "পুরো নিউ ইয়র্ক জুড়ে বম্ব স্কোয়াডগুলোতে পরিষেবা প্রদান করা প্রতিভাবান পুরুষ ও নারীরা তাদের কমিউনিটিগুলোকে নিরাপদ ও সুরক্ষিত রাখার জন্য তাদের জীবন উৎসর্গ করেছেন। উদীয়মান হুমকির সাথে তাল মেলাতে তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ এই অর্থায়নের কল্যানে সম্ভব হবে শুধু তাই নয়, আইন প্রয়োগকারীদের দ্বারা মোকাবিলা করা অন্যতম বিপজ্জনক পরিস্থিতিগুলোতে সাড়া দেওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান রয়েছে এটি তাও নিশ্চিত করবে।"

প্রতিনিধি নিতা লোউই বলেন, "নিউ ইয়র্ক স্টেটের এফবিআই-স্বীকৃত 12টি স্থানীয় বম্ব স্কোয়াডে বিনিয়োগ ও আইন প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে নির্বিঘ্ন সমন্বয় নিশ্চিত করা নিউ ইয়র্ক, এবং এর অনন্য সংস্কৃতি, অভিজ্ঞতা এবং দর্শনীয় স্থানগুলোকে সুরক্ষিত করার জন্য অত্যন্ত গুরুত্বপুর্ণ যা বিশ্বজুড়ে পরিদর্শনকারীদের আকৃষ্ট করে। এ কারণেই, হাউস অ্যাপ্রোপ্রিয়েশন কমিটি (House Appropriations Committee)-র সভাপতি হিসেবে আমি নিউ ইয়র্ক, এবং সারা দেশের অন্যান্য স্টেট ও স্থানীয় সরকারগুলিকে সন্ত্রাসবাদী হুমকি এবং বিপর্যয় থেকে রক্ষা করার লক্ষে 2019 অর্থবছরে 1.2 বিলিয়ন মার্কিন ডলারের অধিক নিশ্চিত করতে পেরে গর্বিত।"

প্রতিনিধি হোসে ই. সেরানো বলেন, "প্রথম সাড়া প্রদানকারীরা আমাদের সুরক্ষিত রাখতে সর্বোচ্চ ঝুঁকি নেয়। তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য সরঞ্জাম ও সহায়তা আমরা সরবরাহ করি এটি অত্যন্ত গুরুত্বপুর্ণ। নিউ ইয়র্কের সাড়া প্রদানকারীদের অক্লান্ত সহায়তা এবং আমাদের সম্প্রদায়ের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ।"

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (DHSES) সন্ত্রাসবাদ ও অন্যান্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ, তার থেকে সুরক্ষা, তার জন্য প্রস্তুতি, তাতে সাড়া দেয়া এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন প্রদান করে। আরও তথ্যের জন্য, DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটার এবং ইন্সটাগ্রামে @NYSDHSES অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন। তহবিলের সম্ভাবনা বিষয়ে আরও তথ্যের জন্য, বিভাগের অনুদান পৃষ্ঠায় যান এখানে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন